সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং.....
তারিখঃ 27/02/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
আইন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০১৬.০০৪.০০.০০.০০৪.২০১২ (অংশ-১)-১৪৬ তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ / ২৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয় ঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বেসরকারী প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনার আবেদনের প্রেক্ষিতে সিভিল আদালতের জন্য বেসরকারী প্যানেল আইনজীবী হিসেবে এ বিভাগ কর্তৃক মনোনীত হওয়ায় এতদসঙ্গে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী আপনাকে ২(দুই) বছরের জন্য নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল।

০২। প্রদত্ত শর্তাবলীতে সম্মত থাকলে আপনি আগামী ০৪-০৩-২০২০ তারিখের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে বর্ণিত শর্তাবলী লিপিবদ্ধ করে যোগদানপত্র (নমুনা মোতাবেক) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক-২ পাতা।

26/2/20
(মোঃ আবদুর রৌফ খান)
যুগ্ম সচিব (আইন)
ফোনঃ ৯৫৮৪১২৭

বিতরণঃ

০১. আলহাজ্ব এ এইচ মারুফ মোর্শেদ রানা
বর্তমান ঠিকানাঃ বাসা নং-৪৮০/২,ব্লক-এ,
রোড-১০ তিলপাপাড়া, ডাকঘর ও থানা-খিলগাঁও-১২১৯
জেলা- ঢাকা
মোবাঃ০১৭৫২৫৫০০৭৭

০২. এম এস শরীফুল আলম চৌধুরী
বর্তমান ঠিকানাঃএবি সুপার মার্কেট,(৫ম তলা ),
প্লট নং-৬০, রোড নং-০২, সেক্টর নং-০৩, সুট নং৬০৩/এ,আজমপুর,উত্তরা, ঢাকা-১২০৩
মোবাঃ০১৭১১৫৭৪০১২

০৩। ফাতেমা ইয়াসমীন
বর্তমান ঠিকানাঃ ডি/ও, এস কে সিরাজুল ইসলাম
২৮/এ, আদর্শ নগর, মধ্য বাড্ডা,
ডাকঘর- বাড্ডা, থানা- বাড্ডা,
ঢাকা-১২১২।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

অনুলিপিঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৪। অফিস কপি/মাস্টার কপি।

## অঙ্গিকারনামা

আমি আলহাজ এ, এইচ. মারুফ মোর্শেদ রানা, পিতা...,সাং...., ঢাকা, বয়স....বছর, ধর্ম-ইসলাম, পেশা-আইনজীবি, জাতীয়তা-বাংলাদেশী, এই মর্মে নিম্ন বর্ণিত শর্তাবলীতে অঙ্গিকার করিতেছি যে-

### শর্তাবলীঃ

১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যে সকল মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আমাকে দায়িত্ব প্রদান করা হবে সে সকল মামলা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য আমি সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি গ্রহণে বাধ্য থাকব।

২। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন সময়ে আমি কোন প্রকার মাসিক বেতন বা ভাতা বা সম্মানী দাবী করব না।

৩। প্যানেল আইনজীবী হিসেবে আমি এই নিয়োগপত্র ইস্যুর তারিখ হতে পরবর্তী ২(দুই) বৎসরের জন্য মামলা পরিচালনায় বাধ্য থাকব।

৪। সরকারী স্বার্থে আমার পরিচালনাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য থাকব।

৫। যে কোন মামলা বিচারাধীন থাকাকালে কিংবা যে কোন পর্যায়ে আমার কাছে থেকে যে কোন মামলা কর্তৃপক্ষ ফেরত নিয়ে অন্য কোন আইনজীবির নিকটে হস্তান্তর করতে পারবেন এবং আমি উক্ত মামলার কাগজপত্র/দলিলপত্র/অনাপত্তিপত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকব।

৬। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অন্য আইনজীবি দ্বারা পরিচালিত যে কোন মামলা যে কোন পর্যায়ে থাকা অবস্থায় আমার নিকট হস্তান্তর করলে আমি তা গ্রহণ করতে বাধ্য থাকব।

৭। প্যানেলভুক্ত আইনজীবি থাকাকালীন অবস্থায় আমি এ বিভাগের বিরুদ্ধে আদালতে কোন মামলা পরিচালনা বা প্রতিপক্ষকে কোনরুপ মতামত প্রদান বা সমর্থন করব না।

৮। আইন সংক্রান্ত কাজে দায়িত্ব পালনের ক্ষেত্রে আমার আন্তরিকতার অভাবে বা ত্রুটির কারণে সরকার কোনরুপ ক্ষতির সম্মুখীন হলে আমি কর্তৃপক্ষের নিকট জবাবদিহি করব এবং এজন্য আমি দায়ী থাকব।

৯। আমাকে যে সকল মামলা পরিচালনার দায়িত্ব প্রদান করা হবে সে সকল মামলার সর্বশেষ অবস্থা এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আইন অধিশাখাকে সব সময় অবহিত করব।

১০। আমার পরিচালনাধীন মামলার সকল তথ্য এবং কার্যক্রম একটি রেজিস্টারে লিপিদ্ধ রাখব।

১১। আমার পরিচালনাধীন মামলার হালনাগাদ একটি প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর নিকট দাখিল করব। এ ছাড়া কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোন সময় যে কোন মামলা সম্পর্কে প্রতিবেদন প্রদান করতে বাধ্য থাকব।

১২। আমি বেসরকারী প্যানেল আইনজীবি হিসেবে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে এক মাস পূর্বে নোটিশ প্রদান করব।

১৩। আমি অঙ্গিকারনামার শর্তাবলী ভঙ্গ করলে বা কর্তৃপক্ষ আমার কার্যক্রমে অসন্তুষ্ট হলে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবেন।

১৪। আমার চেম্বার বা বাসার ঠিকানা এবং টেলিফোন বা মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা এ বিভাগের আইন অধিশাখাকে অবহিত করব।

আমি উপরোক্ত শর্তাবলীতে সম্মত হয়ে অঙ্গিকারনামায় স্বাক্ষর করলাম।

স্বাক্ষর

নাম

ঠিকানা

মোবাইল নম্বর

<u>নমুনা যোগদানপত্র</u>

বরাবর
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়ঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে বেসরকারী প্যানেল আইনজীবি হিসেবে যোগদান।

সুত্রঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পত্র নং-৩৫.০১৬.০০৪.০০.০০.০০৪.২০১২ (অংশ-১)-..১৪৮
তারিখ: ~~০৯-০১-২০১৭~~ ২৬.২.২০

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বেসরকারী প্যানেল আইজীবি হিসেবে আমাকে নিয়োগ প্রদান করায় আমি অদ্য................. তারিখ আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ/দেওয়ানী আদালতের জন্য প্যানেল আইজীবি হিসেবে যোগদান করলাম।

অতএব, মহোদয় আমার যোগদানপত্র গ্রহণ করিতে আজ্ঞা হয়।

নিবেদক

নাম------------------
ঠিকানা---------------
মোবাইল নম্বরঃ

**সংযুক্তিঃ ৩০০/- (টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অংগীকারনামা)।**